# চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

নং-সিভাসু/রেজি:/প্রশা./নি.বি.-৫৮৩/২০১৯/১৩৫২

তারিখ: ১২/০৯/২০২১ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | **সহকারী অধ্যাপক:**<br>স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>**[বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, রিসার্চ এন্ড ফার্মবেইজড ক্যাম্পাস, হাটহাজারী, চট্টগ্রাম-এর জন্য]** | | (ক) প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে এম.এস/এম.এস-সি/এম.ফিল ডিগ্রীসহ প্রভাষক পদে দুই (২) বৎসরের সক্রিয় চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয় সহ ন্যূনতম "এ" গ্রেড(৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে; তৎসহ স্নাতক (সম্মান) পর্যায়ে বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে।<br>(গ) স্বীকৃত জার্নালে কমপক্ষে ২ (দুই) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। |
| | সেলুলার এন্ড মলিক্যুলার বায়োলজি বিভাগ | ০২ | |
| | ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি বিভাগ | ০১ | |
| | এনভায়রনমেন্টাল টেকনোলজি বিভাগ | ০১ | |
| | বায়ো-প্রসেস এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | ০১ | |
| | জিনোমিকস্ এন্ড বায়ো-ইনফর্মেটিক্স বিভাগ | ০১ | |
| ২. | **সহকারী অধ্যাপক:**<br>স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>**[এনভায়রনমেন্টাল সাইন্স অনুষদ, রিসার্চ এন্ড ফার্মবেইজড ক্যাম্পাস, হাটহাজারী, চট্টগ্রাম-এর জন্য]** | | (ক) প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে এম.এস/এম.এস-সি/এম.ফিল ডিগ্রীসহ প্রভাষক পদে দুই (২) বৎসরের সক্রিয় চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয় সহ ন্যূনতম "এ" গ্রেড(৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে; তৎসহ স্নাতক (সম্মান) পর্যায়ে এনভায়রনমেন্টাল সাইন্স/সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে।<br>(গ) স্বীকৃত জার্নালে কমপক্ষে ২ (দুই) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। |
| | এনভায়রনমেন্টাল জিওসাইন্সেস বিভাগ | ০১ | |
| | এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট বিভাগ | ০১ | |
| | ওয়াটার রিসোর্সেস এন্ড এনভায়রনমেন্টাল মডেলিং বিভাগ | ০১ | |
| | এনভায়রনমেন্টাল ইকোলজি বিভাগ | ০১ | |
| ৩. | **প্রভাষক:**<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>**[বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, রিসার্চ এন্ড ফার্মবেইজড ক্যাম্পাস, হাটহাজারী, চট্টগ্রাম-এর জন্য]** | | মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয়সহ ন্যূনতম "এ" গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিল না) থাকতে হবে; তৎসহ বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর পর্যায়েও "এ" গ্রেড/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে। |
| | সেলুলার এন্ড মলিক্যুলার বায়োলজি বিভাগ | ০২ | |
| | ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি বিভাগ | ০২ | |
| | এনভায়রনমেন্টাল টেকনোলজি বিভাগ | ০২ | |
| | বায়ো-প্রসেস এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | ০২ | |
| | জিনোমিকস্ এন্ড বায়ো-ইনফর্মেটিক্স বিভাগ | ০২ | |

চলমান (পাতা-২)

| | | | |
|---|---|---|---|
| ৪. | **প্রভাষক:**<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>**[এনভায়রনমেন্টাল সাইন্স অনুষদ, রিসার্চ এন্ড ফার্মবেইজড ক্যাম্পাস, হাটহাজারী, চট্টগ্রাম-এর জন্য]** | | মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয়সহ ন্যূনতম "এ" গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিল না) থাকতে হবে; তৎসহ এনভায়রনমেন্টাল সাইন্স/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর পর্যায়েও "এ" গ্রেড/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে। |
| | এনভায়রনমেন্টাল জিওসাইন্সেস বিভাগ | ০২ | |
| | এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট বিভাগ | ০২ | |
| | ওয়াটার রিসোর্সেস এন্ড এনভায়রনমেন্টাল মডেলিং বিভাগ | ০২ | |
| | এনভায়রনমেন্টাল ইকোলজি বিভাগ | ০২ | |
| ৫. | **প্রভাষক:**<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>**[ভেটেরিনারি মেডিসিন অনুষদ]** | | মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয়সহ ন্যূনতম "এ" গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিল না) থাকতে হবে; তৎসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিল না) থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে।<br>প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি/ডেয়রী সাইন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী/অধ্যয়নরত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| | প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ | ০২ | |
| | ডেয়রী এন্ড পোল্ট্রি সাইন্স বিভাগ-এর জন্য 'ডেয়রী সাইন্স' বিষয়ে<br>**[বি.দ্র.- ইতোপূর্বে যারা প্রভাষক (ডেয়রী সাইন্স) পদে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই]** | ০১ | |
| ৬. | **প্রভাষক:**<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>**[ফিশারিজ অনুষদ]** | | মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয়সহ ন্যূনতম "এ" গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিষ্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে; তৎসহ বিএসসি ফিশারিজ (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিষ্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/ প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর পর্যায়েও "এ" গ্রেড/প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিলনা) থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে। |
| | একোয়াকালচার বিভাগ | ০১ | |
| | ফিশারিজ রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ | ০১ | |
| ৭. | **প্রোডাকশন অফিসার**<br>(লাইভস্টক-১, পোল্ট্রি-১)<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>**[রিসার্চ এন্ড ফার্মবেইজড ক্যাম্পাস, হাটহাজারী, চট্টগ্রাম-এর জন্য]** | ০২ | মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে ১ম শ্রেণী/সমতুল্য লেটার গ্রেডসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)-এ ১ম শ্রেণী/সমতুল্য গ্রেডের অধিকারী এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে ১ম শ্রেণী/সমতুল্য লেটার গ্রেডসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে সমপর্যায়ের ডিগ্রির অধিকারী এবং এতদ্সংক্রান্ত কাজে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৮. | **ইলেকট্রিশিয়ান**<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>**[বি.দ্র.- ইতোপূর্বে যারা 'ইলেকট্রিশিয়ান' পদে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই]** | ০১ | প্রার্থীকে এসএসসি/সমমান পাশসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ের ওপর ন্যূনতম ৬(ছয়) মাস মেয়াদী ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। |
| ৯. | **ড্রাইভার (হালকা)**<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>**[কক্সবাজারস্থ রিসার্চ সেন্টারের জন্য]**<br>**[বি.দ্র.- ইতোপূর্বে যারা 'ড্রাইভার (হালকা)' পদে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই]** | ০১ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে এবং গাড়ী চালনায় বৈধ লাইসেন্স (পেশাদার) থাকতে হবে।<br>ট্রাক্টর চালনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১০. | **ডরমিটরী এটেনডেন্ট**<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)<br>**[কক্সবাজারস্থ রিসার্চ সেন্টারের জন্য]**<br>**[বি.দ্র.- ইতোপূর্বে যারা 'ডরমিটরী এটেনডেন্ট' পদে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই]** | ০১ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে। |

চলমান (পাতা-৩)

**প্রার্থীর জন্য প্রযোজ্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:**

১) নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লেখিত ক্রমিক ১ হতে ৭ নং পদে আগ্রহী প্রার্থীকে এ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরম (শুধুমাত্র কর্মকর্তা পদের জন্য)-এ সকল কাগজপত্র সম্বলিত পৃথক ৯(নয়) সেট এবং ক্রমিক ৮ হতে ১০ নং পদে পৃথক ৩(তিন) সেট (মোবাইল নম্বর উল্লেখপূর্বক সকল কাগজপত্র সম্বলিত ও স্বহস্তে লিখিত/মুদ্রিত) আবেদনপত্র একটি খামে **আগামী <u>০৪/১০/২০২১</u>** তারিখের মধ্যে **<u>ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের</u>** মাধ্যমে রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪২২৫ বরাবরে অফিস চলাকালীন (সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ ঘটিকা) সময়ে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। **<u>হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।</u>**

২) বিজ্ঞপ্তিতে উল্লেখিত ১ হতে ৭ নং পদের জন্য নির্ধারিত 'আবেদনপত্র' (Application Form) এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(cvasu.ac.bd)** বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে।

৩) বিজ্ঞপ্তিতে উল্লেখিত ক্রমিক ১ ও ২নং পদে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর এবং অন্যান্য পদে ১৮-৩০ বছর; তবে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হলে নির্ধারিত বয়সসীমার অতিরিক্ত ২(দুই) বছর বিবেচনাযোগ্য। আবেদন দাখিলের সর্বশেষ তারিখ (০৪/১০/২০২১) অনুযায়ী প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হবে। বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য নয়। **উল্লেখ্য, সরকারি নির্দেশনা মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছর পূর্ণ হয়েছে, তারাও আবেদন করতে পারবেন।**

৪) প্রযোজ্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অভ্যন্তরীণ ও বহিঃ প্রার্থীর যে কোন প্রকার অস্থায়ী/চুক্তিভিত্তিক চাকুরীকাল পেনশনের জন্য গণনা করা হবে না।

৫) অভিজ্ঞতা বলতে- সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিতে উল্লেখিত স্ব-স্ব পদের সাথে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

৬) রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এর অনুকূলে নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লেখিত ১ হতে ৭ নং পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা এবং ৮ হতে ১০ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে উত্তোলনযোগ্য হতে হবে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৭) আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন-বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) **<u>(ড) মোবাইল নম্বর</u>** (ঢ) **ই-মেইল** এড্রেস প্রভৃতি উল্লেখ করতে হবে।

৮) প্রার্থীকে আবেদনের সাথে (ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের কপি; (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৯) প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয় এবং সংশ্লিষ্ট পদে চাহিত যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।

১০) প্রার্থী উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়নরত থাকলে তা আবেদনে অবশ্যই উল্লেখসহ প্রমাণক সংযুক্ত করতে হবে এবং পরবর্তীতে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পরে অনধিক ৩(তিন) মাসের মধ্যে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন করলে বা উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন বা উচ্চতর কোর্স/ডিগ্রি অর্জনের বিষয়টি আবেদনে উল্লেখ না করলে, উক্ত কোর্স/ডিগ্রি/প্রোগ্রাম/প্রশিক্ষণের জন্য কোন সুবিধা প্রাপ্য হবে না।

১১) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী'র অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়ন পূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২) ভূয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/কুরিয়ার সার্ভিস ও ডাক যোগাযোগসহ অন্য কোন কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের পর, পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস্ সংযোজনযোগ্য নয়।

১৩) প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিলকরণ, শর্তাদির স্পষ্টায়ন/শর্ত শিথিলকরণ, নিয়োগপ্রাপ্তদের কর্মস্থল নির্ধারণ এবং নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪) উল্লিখিত পদসমূহে নিয়োগকৃত জনবলের কর্মস্থল হবে- সিভাসু মূল ক্যাম্পাস/হাটহাজারীস্থ রিসার্চ এন্ড ফার্ম বেইজড ক্যাম্পাস/ঢাকাস্থ টিচিং এন্ড ট্রেনিং পেট হসপিটাল ও রিসার্চ সেন্টার/কোস্টাল বায়োডাইভারসিটি, মেরিন ফিশারিজ এন্ড ওয়াইল্ডলাইফ রিসার্চ সেন্টার, কক্সবাজার।

১৫) এ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন পদের বিপরীতে অস্থায়ী/সম্পূর্ণ অস্থায়ী/চুক্তিভিত্তিক/'কাজ নাই, মজুরি নাই'/দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য এবং নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১৬) নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ 'নিয়োগ বিজ্ঞপ্তি' প্রচার করা হ'ল।

মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়